

বাংলাদেশ



গেজেট

প্রতিষ্ঠিত সংখ্যা
১৯৭১ সালের ১৯৭১

বৃহস্পতিবার, জুন ৭, ১৯৭০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

প্রশাসন শাখা-৩

প্রজ্ঞাপন

ঢাকা, ২২শে জ্যৈষ্ঠ, ১৩৯৭/৬ই জুন, ১৯৭০

নং এস, আর, ও ২০৯-আইন/৯০/সম(প্রঃ-৩)-৩২/৮৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুলিপি ১৩০-এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২)-এর বিধান মোতাবেক বাংলাদেশ কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে জেলা এবং উপজেলা অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ-বিধি, ১৯৮৬ এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথাঃ—

উক্ত নিয়োগ বিধি—

(ক) বিধি ২ এর দফা (ঘ) এ “জেলা” শব্দটির পরিবর্তে “প্রশাসনিক কর্মকর্তার ক্ষেত্রে সরকার এবং অন্যান্য পদের ক্ষেত্রে জেলা” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(খ) তফসিলের—

(অ) ক্রমিক নং ১ এর বিপরীতে—

(১) কলাম ৪ এর এন্ট্রিগুলির পরিবর্তে নিম্নোক্ত এন্ট্রিগুলি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(ক) অগ্রাধিকার ভিত্তিতে অফিস সুপারিনটেনডেন্ট, সাঁটালিকার এবং সিএ-কাম-উচ্চমান সহকারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে;

(খ) প্রধান সহকারী, ট্রেজারী হিসাব রক্ষক এবং উচ্চমান সহকারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে”।

(৪৮০১)

মূল্য: ০০ পরস

(২) কলাম ৫ এর এন্ট্রিগুলির পরিবর্তে নিম্নোক্ত এন্ট্রিগুলি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“সুপারিনটেনডেন্ট, সার্টিফিকেট বা সিএ-কাম-উচ্চমান সহকারীর ক্ষেত্রে ৫ বৎসরের, প্রধান সহকারী বা ট্রেজারী হিসাব রক্ষকের ক্ষেত্রে ৭ বৎসরের এবং উচ্চমান সহকারীর ক্ষেত্রে ১০ বৎসরের চাকুরী”।

(আ) ক্রমিক নং ৪ এর বিপরীতে—

(১) কলাম ৪ এর এন্ট্রিগুলির পরিবর্তে নিম্নোক্ত এন্ট্রিগুলি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“অগ্রাধিকার ভিত্তিতে প্রধান সহকারী, উচ্চমান সহকারী ও সার্টিফিকেটপ্রাপ্তদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে”;

(২) কলাম ৫ এর এন্ট্রিগুলির পরিবর্তে নিম্নোক্ত এন্ট্রিগুলি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“প্রধান সহকারীর ক্ষেত্রে ১ বৎসর এবং উচ্চমান সহকারী ও সার্টিফিকেটপ্রাপ্তদের ক্ষেত্রে ৩ বৎসরের চাকুরী”।

(ই) কলাম ১ এর ক্রমিক নং ৫ এবং তৎসংশ্লিষ্ট অন্যান্য এন্ট্রিগুলির পর নিম্নরূপ ক্রমিক ৫-ক এবং এন্ট্রিগুলি সন্নিবেশিত হইবে, যথাঃ—

“ ৫-ক ট্রেজারী হিসাব রক্ষক	উচ্চমান সহকারীদের	ফিডার পদে ৩
বেতনক্রমঃ ৩৭০—৭৪৫	মধ্য হইতে পদোন্নতির	বৎসর চাকুরী”।
৮০০—১৬৩০	মাধ্যমে।	
(সংশোধিত বেতন		
স্কেল)।		

(ঈ) ক্রমিক নং ১০ এর বিপরীতে—

(১) কলাম ৪ এর এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“৮০% পদ সরাসরি নিয়োগের এবং ২০% পদ চতুর্থ শ্রেণীর কর্মচারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির জন্য যোগ্যতাসম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে তৎজন্য নির্দিষ্টকৃত পদও সরাসরি নিয়োগের দ্বারা পূরণ করা যাইবে”।

(২) কলাম ৫ এর এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“উচ্চমাধ্যমিক পরীক্ষা পাশ”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কে. এম. রশ্বানী

সচিব।

প্রশাসন শাখা-৪

প্রজ্ঞাপন

ঢাকা, ২২শে জ্যৈষ্ঠ, ১৩৯৭/৬ই জুন, ১৯৯০

নং এস, আর, ও ২১০-আইন/৯০/সম(প্রঃ-৩)-৩২/৮৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১০৩-এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২)-এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, বিভাগীয় কমিশনার অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ-বিধি, ১৯৮৬ এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথাঃ—

উক্ত নিয়োগ বিধি—

- (ক) বিধি ২ এর দফা (ঘ) এ 'বিভাগীয়' শব্দটির পরিবর্তে "প্রশাসনিক কর্মকর্তার ক্ষেত্রে সরকার এবং অন্যান্য পদের ক্ষেত্রে বিভাগীয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) তফসিলের ক্রমিক নং ৬ এর বিপরীতে কলাম ৪ এর নিচে "সরাসরি নিয়োগের মাধ্যমে" শব্দগুলির পরিবর্তে "৮০% সরাসরি নিয়োগের মাধ্যমে এবং ২০% চতুর্থ শ্রেণীর কর্মচারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সকল পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা হইবে" সংখ্যাগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কে. এম. রহমানী

সচিব।